**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 23.06.2024** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বাংলাদেশের তিস্তার জল সংরক্ষণের জন্য ভারতের বিশেষজ্ঞ দল সে দেশে যাবে।

২) ডাক্তারিতে স্নাতকোত্তর ভর্তির পরীক্ষা নিট-পিজি আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার।

৩) বাংলাদেশের নিষিদ্ধ জঙ্গী সংগঠন, আনসার আল ইসলামের একটি শাখার মূল চক্রী বর্ধমানের কাঁকসায় গ্রেপ্তার।

৪) সুপ্রিম কোর্টের সুপারিশ মেনে স্কুল বাস ও পুলকারে পড়ুয়াদের সুরক্ষা নিশ্চিত করতে নতুন নির্দেশিকা জারি করল রাজ্যের পরিবহন দপ্তর।

৫) ওয়াইনাড় লোকসভা কেন্দ্রের উপনিবার্চনে কংগ্রেস প্রার্থী প্রিয়াঙ্কা গান্ধীর সমর্থনে প্রচারে যাবেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

---------------------------------------------------------------------------------------

বাংলাদেশের দিকের তিস্তা নদীর জল সংরক্ষণ এবং পরিচালন পদ্ধতির উন্নতির জন্য খুব শীঘ্রই ভারতের প্রযুক্তি বিশেষজ্ঞদের একটি দল ঢাকা যাবে বলে জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গতকাল বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে নতুন দিল্লিতে দ্বিপাক্ষিক বৈঠকের পর শ্রী মোদি বলেন

(বাইট)

বাংলাদেশের পক্ষ থেকে  ভিশন ডকুমেন্টে বলা হয়েছে, উন্নয়নে সহযোগিতার অঙ্গ হিসাবে বাংলাদেশের মধ্যে দিয়ে প্রবাহিত তিস্তার জল সংরক্ষণে ভারতের সাহায্য নেওয়া হবে। পারস্পরিক সম্মতির ভিত্তিতে নির্দিষ্ট সময়ের মধ্যে এই কাজ হবে।

উল্লেখ্য, গতকালের বৈঠকের পর নতুন সমঝোতাপত্র এবং পুরনো চুক্তির নবীকরণের মাধ্যমে দু দেশের মধ্যে  মোট দশটি চুক্তি স্বাক্ষরিত হয়।

------------------------

ডাক্তারিতে স্নাতকোত্তর ভর্তির পরীক্ষা নিট-পিজি স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। আজ এই পরীক্ষা হওয়ার কথা ছিল। স্বাস্থ্য মন্ত্রক জানিয়েছে, এই পরীক্ষাতেও অনিয়ম হয়েছে কিনা, তা খাতিয়ে দেখার পরই পরীক্ষার দিন স্থির করা হবে। ন্যাশনাল বোর্ড অফ এক্স্যামিনেশন ইন মেডিকেল সায়েন্সেস এই পরীক্ষা নিয়ে থাকে। স্বাস্থ্য মন্ত্রক থেকে বলা হয়েছে, পরীক্ষার্থীদের সুবিধা এবং পরীক্ষা পদ্ধতির সুরক্ষা বজায় রাখতেই এই সিদ্ধান্ত নিতে হয়েছে।

এদিকে, বিহার পুলিশ, ঝাড়খন্ডের দেওঘর জেলা থেকে নিট-ইউজি প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ৬ জনকে গ্রেপ্তার করেছে। তারা দেওঘর এইমসের কাছে একটি বাড়ি ভাড়া নিয়ে থাকতো।  বিহার পুলিশ তাদের হেফাজতে নিয়েছে।

------------------------

নীট পরীক্ষা নিয়ে বিতর্কের মধ্যেই জাতীয় পরীক্ষা নিয়ামক সংস্থা এন টি এ ‘র মহানির্দেশক সুবোধ কুমার সিং কে পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। করমীবরগ এবং প্রশিক্ষন দপ্তরের পক্ষ থেকে তাঁকে কম্পালসারি ওয়েটিং এ পাঠানো হয়েছে। ইন্ডিয়া ট্রেড প্রমোশন অরগানাইজেশনের চেয়ারম্যান এবং এম ডি প্রদীপ কুমার খারোলা কে এন টি এ’র মহানির্দেশকের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে।

------------------------

বাংলাদেশের নিষিদ্ধ জঙ্গী সংগঠন আনসার আল ইসলামের সংগে যোগ থাকার অভিযোগে পশ্চিম বর্ধমানের কাঁকসার মীরেপাড়া থেকে এক যুবককে গ্রেপ্তার করেছে এসটিএফ। বাংলাদেশের এই সংগঠনটির সঙ্গে আল কায়দার যোগাযোগ আছে বলে জানা গিয়েছে। গতকাল বিকেলে কাঁকসা থানার পুলিশকে সংগে নিয়ে মীরেপাড়ায় একটি বাড়িতে অভিযান চালায় এসটিএফ। সেখান থেকে তাকে ধরা হয়। এসটিএফ সূত্রে জানা গিয়েছে, ধৃত মহম্মদ হাবিবুল্লাহ, জঙ্গী সংগঠন শাহাদত এর মূল চক্রী। তার মোবাইল, ল্যাপটপসহ বেশ কিছু সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে কাঁকসা থানায় ইউএপিএ অ্যাক্টে মামলা রুজু হয়েছে। সংগঠনের সদস্যরা বিআইপি নামক ম্যাসেজিং প্ল্যাটফর্মকে কাজে লাগিয়ে নিজেদের মধ্যে কথা চালাতো।

নিষিদ্ধ জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম একটি শাখা শাহদাত। স্থানীয় সূত্রে জানা গেছে, হাবিবুল্লাহ, মানকর কলেজে কম্পিউটার সায়েন্স নিয়ে পড়াশোনা করত।

------------------------

সুপ্রিম কোর্টের পথ নিরাপত্তা সংক্রান্ত কমিটির সুপারিশ মেনে স্কুলবাস ও পুলকারে পড়ুয়াদের সুরক্ষা নিশ্চিত করতে নতুন নির্দেশিকা জারি করল রাজ্যের পরিবহণ দফতর। পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানান, নিয়ম মানা হচ্ছে কি না, তা দেখতে মোটর ভেহিক্‌লস ইনস্পেক্টররা নজরদারি চালাবেন। নতুন নির্দেশিকা অনুযায়ী স্কুলবাস এবং পুলকারে নির্দিষ্ট আসন-সংখ্যার বেশি পড়ুয়া নেওয়া যাবে না। আসনে ‘সিট বেল্ট’ রাখতে বলা হয়েছে। স্কুলবাসের জানলায় গাঢ় ফিল্ম পেপার দেওয়া কাচ বা পর্দা ব্যবহার করা যাবে না। স্কুলের পক্ষ থেকে বাস ও গাড়ির ক্ষেত্রে নির্দিষ্ট কাউকে আপৎকালীন পরিস্থিতিতে যোগাযোগ করার জন্য ট্রান্সপোর্ট ম্যানেজারের দায়িত্ব দিতে

হবে। ট্রান্সপোর্ট ম্যানেজার ও চালকের ফোন নম্বর রাখতে হবে অভিভাবকদের। বাস এবং গাড়ির ভিতরে চোখে পড়ে, এমন জায়গায় ট্রান্সপোর্ট ম্যানেজারের নাম, ফোন নম্বর, স্থানীয় থানা, দমকল এবং চাইল্ড লাইনের নম্বর লিখে রাখতে হবে। থাকবে ফার্স্ট-এড বক্স।

স্কুলবাসে হলুদ রং, নীল বর্ডার বাধ্যতামূলক। সামনে ও পিছনে স্কুলবাস শব্দটি লেখা থাকতে হবে। বাসে জিপিএস, প্যানিক বাটন এবং স্পিড লিমিট ডিভাইস থাকা বাধ্যতামূলক করা হয়েছে। সব ধরনের স্কুলগাড়ির ক্ষেত্রেই বাণিজ্যিক গাড়ি ব্যবহারের কথা বলা হয়েছে। বাস এবং গাড়িতে এক জন করে পরিচারক (সম্ভব হলে মহিলা) রাখায় জোর দেওয়া হয়েছে।

বাসচালক ও তাঁর সাহায্যকারী নিয়োগের ক্ষেত্রে দেখতে হবে, তাঁদের বিরুদ্ধে মামলা বা পুলিশি অভিযোগ রয়েছে কি না। ছ’মাস অন্তর চালকদের চোখ পরীক্ষা করানোর জন্য স্কুলকে বলা হয়েছে।

-----------------------

রাজ্য সরকারি কর্মী ও আধিকারিকদের ভ্রমণ ভাতায় এলটিসিতে গাড়ি ভাড়া বাবদ টাকা পাওয়া নিয়ে নির্দিষ্ট নিয়ম তৈরি হল। রাজ্যের অর্থ দফতর এই মর্মে বিজ্ঞপ্তি জারি করেছে। গাড়ি ভাড়া বাবদ প্রতি কিলোমিটারে সর্বোচ্চ ১৬ টাকা দেওয়া হবে বলে ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সংক্রান্ত বিষয় অনুমোদনের জন্য অর্থ দফতরের কাছে না পাঠিয়ে দফতর গুলিকে নিজেদেরই সিদ্ধান্ত নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

জানা গেছে রাজ্যে সরকারি কর্মীরা এলটিসি’তে কয়েক বছর অন্তর সপরিবারে বেড়াতে যাওয়ার জন্য ট্রেন বা বিমানের টিকিটের দাম পান। কিন্তু গাড়ি ভাড়া করলে কত টাকা পাওয়া যাবে তা নিয়ে নির্দিষ্ট কোনও নিয়ম ছিল না। ফলে গাড়ি ভাড়ার বিল পেশ করলেও তা অনেক সময় দেওয়া হতো না। আবার কোনও কোনও সময় গাড়ির

অত্যধিক ভাড়ার বিল পাশ হয়ে যেত এমন অভিযোগও উঠেছে। এই সংক্রান্ত সমস্যা নিরসনেই এবার সুনির্দিষ্ট বিধি জারি করা হলো।

-----------------------

পানীয় জল, নিকাশীর মত বিভিন্ন পুর পরিষেবা নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ক্ষোভ প্রকাশ করায় রাজ্যের পুর ও নগর উন্নয়ন দফতর প্রত্যেকটি পুরসভার পরিষেবা প্রদান সংক্রান্ত রিপোর্ট কার্ড প্রস্তুত করেছে। রাজ্যে বর্তমান সরকারের আমলে পানীয় জল সরবরাহ, নিকাশী, রাস্তা নির্মাণ ও মেরামতি আলো লাগানোর জন্য কোন পুরসভা কত টাকা পেয়েছে এবং কত খরচ হয়েছে, তার পুঙ্খানুপুঙ্খ তথ্য ওই রিপোর্টে থাকবে। রাজ্যে পুরো পরিসেবার হাল হকিকত নিয়ে আগামীকাল বৈঠক ডেকেছেন মুখ্যমন্ত্রী। পুর মন্ত্রী ফিরহাদ হাকিম, প্রতিটি পুরসভা ও উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান এবং এক্সিকিউটিভ আধিকারিকদের ওই বৈঠকে উপস্থিত থাকতে বলা হয়েছে। সেখানেই মুখ্যমন্ত্রীর কাছে পুরসভার উন্নয়ন সংক্রান্ত ওই রিপোর্ট পেশ করা হবে বলে জানা গিয়েছে।

-----------------------

এদিকে, রাজ্যের পুর পরিষেবার হাল হকিকত নিয়ে আগামীকাল যে বৈঠক ডাকা হয়েছে তাতে সিপিআইএম পরিচালিত তাহেরপুর পৌরসভা ও কংগ্রেস পরিচালিত ঝালদা পৌরসভার চেয়ারম্যানদের ডাকা হয়নি বলে অভিযোগ উঠেছে। এ নিয়ে সিপিআইএম, কংগ্রেসের পাশাপাশি বিজেপিও প্রতিবাদে সরব হয়েছে। এ প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেন, যে সমস্ত পুরসভার চেয়ারম্যানদের ডাকার প্রয়োজন বলে মনে হয়েছে তাদের ডাকা হয়েছে। যাদের ডাকার প্রয়োজন হয়নি তারা আমন্ত্রণ

পাননি। এ নিয়ে জটিলতার কোন প্রশ্ন নেই। ফিরহাদ হাকিম বলেন, যে সমস্ত পৌরসভা ভালো পরিষেবা দিচ্ছে তাদের ডাকার প্রয়োজন হয়নি।

বাইট

-----------------------

কেরলের ওয়াইনাড় লোকসভা কেন্দ্রের উপনির্বাচনে ইন্ডি জোটের কংগ্রেস প্রার্থী প্রিয়ংকা গান্ধীর সমর্থনে প্রচারে অংশ নিতে তৃনমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সেখানে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। জোটের তরফে এই কথা জানানো হয়েছে। উল্লেখ্য প্রবীন কংগ্রেস নেতা পি চিদাম্বরম চলতি সপ্তাহেই সচিবালয় নবান্নে এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে বেশ কিছুক্ষন কথা বলেন। তার পরেই এই সিদ্ধান্ত বলে মনে করা হচ্ছে।

-----------------------

লোকসভা ভোটের জন্য তিন মাস বন্ধ থাকার পর আগামী **৩০-শে জুন** আবার শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত।

প্রধানমন্ত্রী হিসাবে টানা তৃতীয়বার দায়িত্ব নেবার পর এটিই হবে তাঁর **প্রথম** মন-কি-বাত। মন-কি-বাতের এটি **১১১-তম** পর্ব।

জনসাধারণ তাঁদের বক্তব্য এবং পরামর্শ ২৮-শে জুনের মধ্যে টোল ফ্রি নম্বর **১৮০০-১১-৭৮০০**-য় জানাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা MyGov ওপেন ফোরামেও তা জানানো যেতে পারে।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও

তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

----------------------

মুর্শিদাবাদের রেজিনগরের আন্দুলবেড়িয়া হাইস্কুলে গতকাল  দুপুরে দশম শ্রেণির দুই নাবালক ছাত্রকে আগ্নেয়াস্ত্র সহ আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে স্কুল কর্তৃপক্ষ। জানা গেছে, সম্প্রতি ওই দুই ছাত্রর সঙ্গে স্কুলের নিরাপত্তারক্ষীর বচসা হয়, তাকেই ভয় দেখাতে এক ছাত্র একটি  আগ্নেয়াস্ত্রটি জোগাড় করে স্কুলে নিয়ে আসে। ক্লাসে, বন্ধুকে সঙ্গে নিয়ে সে সহপাঠীদের আগ্নেয়াস্ত্রটি দেখালে, তারাই বিষয়টি শিক্ষকদের জানায়। শিক্ষকেরা ওই দুজনকে আটকে রেখে পুলিশের হাতে তুলে দেয়। পরে রেজিনগর থানার পুলিশ এসে দুই নাবালককে নিয়ে যায়। তারা কীভাবে কার কাছ থেকে  আগ্নেয়াস্ত্র পেলো তা তদন্ত করে দেখা হচ্ছে।

----------------------

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জ হাইস্কুলে ক্লাস নেওয়াকে কেন্দ্র করে গন্ডগোলের সময় প্রধান শিক্ষককে মেরে তার আঙ্গুল ভেঙে দেওয়ার অভিযোগ উঠলো ঐ স্কুলের এক সহ শিক্ষকের বিরুদ্ধে। আহত প্রধান শিক্ষক প্রতীক চট্টোপাধ্যায়কে ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়।

এর আগেও তাঁকে মারধর এবং হুমকি দেওয়া হয়েছে বলে প্রধান শিক্ষকের অভিযোগ। অভিযুক্ত শিক্ষককে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ আটক করেছে। স্কুলের কিছু ছাত্র শিক্ষকের সমর্থনে থানায় হাজির হলে ঐ চত্বরে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়। রানীগঞ্জ থানার পুলিশ সিসিটিভি খতিয়ে দেখে ঘটনার তদন্ত শুরু করেছে।

----------------------

নির্দিষ্ট খবরের ভিত্তিতে দার্জিলিং পুলিশ জেলার খড়িবাড়ির ভারত নেপাল সীমান্তের কাছে পানিট্যাঙ্কিতে অভিযান চালিয়ে একটি সাইবার ক্যাফে থেকে বেশ কিছু আধার, প্যান, ভোটার এবং রেশন কার্ড, জন্মের শংসাপত্র, জাতিগত শংসাপত্র এবং কম্পিউটার ল্যাপটপ ও প্রিন্টার উদ্ধার করেছে পুলিশ। এই ঘটনায় এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে ধৃত প্রসেনজিৎ বর্মন টাকার বিনিময়ে জাল নথিপত্র তৈরীর কাজ করতো কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। ধৃতকে আজ শিলিগুড়ি মহকুমা আদালতে হাজির করে তদন্তের স্বার্থে ,রিমান্ডে নেওয়ার আবেদন জানাবে খড়িবাড়ি থানার পুলিশ।

------------------------ ------------------------